

আমি আবার জন্ম নেব লিরিক্সঃ-

কষ্ট পাবে জানি  
মেনে নিতে পারছিনা  
এই ঠোঁটের অভিমান  
কান্না পাবে জানি  
চলে যাওয়ার ফলক বলবে  
দূরত্বের বয়ান  
কষ্ট পাবে জানি  
মেনে নিতে পারছিনা  
এই ঠোঁটের অভিমান  
কান্না পাবে জানি  
চলে যাওয়ার ফলক বলবে  
দূরত্বের বয়ান

শোনো আমি আবার জন্ম নেব  
হব সবার শেষে  
বাড়ি ফেরা তোমার জাতিস্মর  
শোনো আমি আবার জন্ম নেব  
এই মুখের আদল বদলে গেলেও  
চিনবে গলার স্বর  
তুমি আমায় তখন দুঃখ বলেই ডেকো  
তুমি আমায় তখন দুঃখ হতে দাও  
তুমি আমায় তখন দুঃখ বলেই ডেকো  
তুমি আমার কেন দুঃখ হতে চাও

ডুবে যাওয়া নৌকা সব  
তুলবে না পাল অসম্ভব  
স্মৃতি ভীষণ বয়স্ক  
তুমি না হয় স্পষ্ট হও  
গল্প হয়েও কষ্ট হও  
ভীষণ তোমারই মতো  
ডুবে যাওয়া নৌকা সব  
তুলবে না পাল অসম্ভব  
স্মৃতি ভীষণ বয়স্ক

শোনো আমি আবার জন্ম নেব  
দেখো নিজের হাতে সাজিয়ে দেব তোমার খেলাঘর  
শোনো আমি আবার জন্ম নেব  
এই মুখের আদল বদলে গেলে  
চিনবে গলার স্বর  
তুমি আমায় তখন দুঃখ বলেই ডেকো  
তুমি আমায় তখন দুঃখ হতে দাও  
তুমি আমায় তখন দুঃখ বলেই ডেকো  
তুমি আমার কেন দুঃখ হতে চাও  
শোনো আমি আবার জন্ম নেব  
শোনো আমি আবার জন্ম নেব  
শোনো আমি আবার জন্ম নেব  
শোনো ...